# সকল বোর্ড-২০১৮

## কৃষিশিক্ষা

## সৃজনশীল

বিষয় কোড: | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ খালেক মিয়ার গরুর খামারটি লাভজনক না হওয়ায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শ নেন। কর্মকর্তা খামারের গরুগুলোকে ইউরিয়া মোলাসেস খড় খাওয়ানোর পরামর্শ দেন। প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শ অনুযায়ী কাজ করায় খামারটি পরবর্তীতে লাভজনক খামার হিসেবে প্রতিষ্ঠিত হয়।

ক. হাম পুলিং কী? ১

খ. অ্যালজি একটি সম্ভাবনাময় পুষ্টিকর খাদ্য কেন? ২

গ. খালেক মিয়া কীভাবে ইউরিয়া মোলাসেস খড় তৈরি করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২.▶ মিরাজের লেয়ার খামারে ১০০টি বাড়ন্ত মুরগি আছে। খাদ্যের সঠিক ব্যবহার জানতে প্রাণিসম্পদ কর্মকর্তার কাছে গেলে খাদ্যের মান ও পরিমাণ বিষয়ে পরামর্শ দেন ফলে মিরাজ উপকৃত হয়।

ক. মৎস্য অভয়াশ্রম কী? ১

Teachingbd24.com

https://teachingbd24.com

খ. রোগিং করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. মিরাজের খামারে প্রতি সপ্তাহে খাদ্যের পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩.▶ কৃষক হারেছ মিয়ার বাড়ি উপকূলীয় অঞ্চলে। এ বছর হঠাৎ বন্যা দেখা দেওয়ায় তাদের গ্রাম পানিতে তলিয়ে যায় এবং ব্যাপক ক্ষতির সম্মুখীন হন।

ক. দাপোগ বীজতলা কী? ১

খ. প্রোলিন কীভাবে ফসলকে খরা সহ্যশীল করে? ২

গ. হারেছ মিয়ার এলাকায় সৃষ্ট বন্যাজনিত সমস্যাগুলো চিহ্নিত করো। ৩

ঘ. হারেছ মিয়ার এলাকার গবাদিপশু রক্ষার কলাকৌশল বিশ্লেষণ করো। ৪

৪.▶ ফিরোজ মিয়া ৬টি জার্সি জাতের গাভি নিয়ে খামার শুরু করেন। জার্সি গাভিগুলো প্রতিদিন ২০ লিটার করে দুধ দেয়। স্বাস্থ্যসম্মত পালন ব্যবস্থা ও খাদ্য প্রদানে খামারটি লাভজনক হয়ে উঠে।

ক. ক্যাটফিশ কী? ১

খ. ধানের উফশী জাতের দুইটি বৈশিষ্ট্য লেখো। ২

গ. ফিরোজ মিয়ার খামারে গাভিগুলোর প্রয়োজনীয় দানাদার খাদ্যের পরিমাণ নির্ণয় করো। ৩

Teachingbd24.com

ঘ. স্বাস্থ্যসম্মত পালন ও পরিমিত খাদ্য প্রদান খামারটিকে লাভজনক হতে সাহায্য করে— মূল্যায়ন করো। ৪

৫.▶ যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে বেকার যুবক আবদুল্লাহ ২ শতক জমিতে নার্সারি তৈরি করেন এবং ১৮ সে.মি. × ১২ সে.মি. আকারের পলিব্যাগে চারা উৎপাদন করেন। চারা বিক্রি করে আবদুল্লাহ লাভবান হন।

ক. কাঠ সিজনিং কী? ১

খ. স্থায়ীত্বের ভিত্তিতে নার্সারির প্রকারভেদ বর্ণনা করো। ২

গ. আবদুল্লাহর নার্সারিতে উৎপাদিত চারার সংখ্যা নির্ণয় করো। ৩

ঘ. আবদুল্লাহর নার্সারি করার পরিকল্পনা মূল্যায়ন করো। ৪

৬.▶ নিয়ামতি গ্রামের কৃষকদের নিজস্ব জমির পরিমাণ কম। তাই তারা সামান্য জমি কাজে লাগিয়ে তেমন লাভবান হতে না পেরে কৃষি কর্মকর্তার পরামর্শে কৃষি সমবায় গঠনের উদ্যোগ গ্রহণ করেন।

ক. কৃষি সমবায় কী? ১

খ. কৃষি সমবায়ের উদ্দেশ্যে কী? ২

গ. নিয়ামতি গ্রামের কৃষকরা কীভাবে তাদের ভাগ্য পরিবর্তন করতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিয়ামতি গ্রামের কৃষকদের উদ্যোগটি যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

৭.▶ মোর্শেদ মিয়ার মৎস্য খামারে সকাল বেলা দেখতে পান যে, মাছগুলো ভেসে উঠে খাবি খাচ্ছে। সমস্যার কথা মৎস্য কর্মকর্তাকে জানালে মৎস্য কর্মকর্তা করণীয় সম্পর্কে পরামর্শ দেন।

ক. পারিবারিক কৃষি খামার কী? ১

খ. পাস্তুরিকরণ বলতে কী বোঝ? ২

গ. মোর্শেদ মিয়ার মৎস্য খামারে মাছগুলোর খাবি খাওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. মোর্শেদ মিয়াকে মৎস্য কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৮.▶ রহিম সাহেবের গোলাপ বাগানে গাছের কচিপাতা ও ফুলের পাপড়ি ছিদ্র করে খাওয়া এবং গাছের বাকলে ছোট ছোট কাল দাগ দেখা যায়। পরে তিনি উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

ক. গোলাপের বংশ বিস্তার পদ্ধতি লেখো। ১

খ. গোলাপ গাছের ডাল-পালা ছাঁটাইয়ের প্রয়োজনীয়তা কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রহিম সাহেবের গোলাপ বাগানে সমস্যাগুলো চিহ্নিত করে কীভাবে সমাধান করা যায় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. গোলাপ চাষে আত্মকর্মসংস্থান সম্ভব— কথাটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

সময় — ২৫ মিনিট    পূর্ণমান — ২৫

## কৃষিশিক্ষা: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৩ | ৪ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. সমবায়ের ভিত্তিতে কৃষি কাজের জন্য সবচেয়ে নিরাপদ পানি কোনটি?**

ক নলকূপ    খ জলাধার
গ নদীর পানি    ঘ পুকুরের পানি

**২. কৃষি সমবায়ের মূল শর্ত কী?**

ক বিনিয়োগ ও বন্টন
খ উৎপাদন
গ স্বচ্ছতা ও জবাবদিহিতা
ঘ মূলধন ও শ্রম

**৩. দুধ একবার গরম করলে কত ঘণ্টা ভাল থাকে?**

ক ২    খ ৩
গ ৪    ঘ ৫

**৪. ১০ শতকের একটি পুকুরের পানির উপরের লাল স্তর দূর করতে কত গ্রাম তুঁতের প্রয়োজন?**

ক ১২০-১৫০ গ্রাম    খ ১৬০-২০০ গ্রাম
গ ২১০-২৫০ গ্রাম    ঘ ২৬০-৩০০ গ্রাম

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**

রতন দূর থেকে পোনা ভর্তি একটি পলিব্যাগ এনে পানিতে কিছুক্ষণ ভাসিয়ে রাখল। এরপর পোনাগুলোকে লবণ পানিতে গোসল করাল। এরপর পোনাগুলো পুকুরে ছেড়ে দিল।

**৫. রতন পোনা পরিবহনে পলিব্যাগের পানিতে নিচের কোনটি ব্যবহার করেছিল?**

ক নাইট্রোজেন    খ অক্সিজেন
গ হাইড্রোজেন    ঘ সম্পূরক খাদ্য

**৬. পোনাগুলোকে গোসল করানোর কারণ—**

i. পোনার মৃত্যুর ঝুঁকি কমে যায়
ii. পোনার দৈহিক বৃদ্ধি দ্রুত হয়
iii. পরজীবী দ্বারা আক্রান্ত থাকলে তা মুক্ত হবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**৭. কোন মাছ পুকুরের মধ্যস্তর থেকে খাদ্য গ্রহণ করে?**

ক কাতলা    খ রুই
গ মৃগেল    ঘ কালবাউশ

**৮. গাভির রাফেজ জাতীয় খাদ্য কোনটি?**

ক গমের ভুসি    খ চালের কুড়া
গ খৈল    ঘ কাঁচা ঘাস

**৯. আম উৎপাদনে বাংলাদেশের স্থান কত?**

ক দ্বিতীয়    খ চতুর্থ
গ ষষ্ঠ    ঘ অষ্টম

**১০. কোনটি ভিটামিন-সি সমৃদ্ধ ফল?**

ক আমলকী    খ হরিতকী
গ বহেড়া    ঘ অর্জুন

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

মিজান সাহেব ১০০ বর্গমিটার জায়গায় (১৮ সে মি × ১২ সেমি) আকারের পলিব্যাগে মেহগনি গাছের বীজ বপন করলেন।

**১১. মিজান সাহেবের জায়গায় চারার সংখ্যা কত হবে?**

ক ৪০০০    খ ৪৫০০
গ ৫০০০    ঘ ৫৫০০

**১২. মিজান সাহেব বীজগুলো সংগ্রহ করেছিলেন—**

i. সরাসরি গাছ থেকে
ii. গাছের পরিপক্ক ফল থেকে
iii. গাছের নিচে ভূমি থেকে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

Teachingbd24.com

১৩. নার্সারিতে নিচের কোনটি জীবন্ত গাছের বেড়া হিসাবে ব্যবহার করা হয়?
ক রেইনট্রি খ মেহগনি
গ দুরন্ত ঘ রক্তন

১৪. গোল কাঠ পরিমাপে সঠিক আয়তনের সূত্রটি কে আবিষ্কার করেন?
ক গ্যালিলিও খ প্লেটো
গ নিউটন ঘ আইনস্টাইন

১৫. কোনটি ছাড়া কৃষিকাজ সম্ভব নয়?
ক সার খ ট্রাকটর
গ অর্থ ঘ পানি

১৬. যে প্রক্রিয়ায় কৃষি কাজ করা হয় তাকে কী বলে?
ক কৃষি প্রযুক্তি খ কৃষি যান্ত্রিকীকরণ
গ জমি প্রস্তুতি ঘ কৃষি আবহাওয়া

১৭. কোন ফসলের ক্ষেত্রে হাম পুলিং করা হয়?
ক পাট খ গম
গ আলু ঘ বেগুন

১৮. নিচের কোনটি জমিতে অধিক মাত্রায় প্রয়োগে মাটির দানাবন্ধন ভালো হয়?
ক ইউরিয়া খ টিএসপি
গ এমওপি ঘ জৈব পদার্থ

১৯. হে তৈরির জন্য নিচের কোনটি বেশি উপযোগী?
ক মাসকলাই খ ভুট্টা
গ নেপিয়ার ঘাস ঘ গিনি ঘাস

২০. মৎস্য সংরক্ষণ আইন কোন সালে প্রণয়ন করা হয়?
ক ১৯৪০ খ ১৯৫০
গ ১৯৬০ ঘ ১৯৭০

২১. জলবায়ু পরিবর্তনের কারণে—
i. মাছের প্রজনন বাধাগ্রস্থ হচ্ছে
ii. মাছের ডিম কম নিষিক্ত হচ্ছে
iii. পেটে ডিম এলে সাথে সাথে ছেড়ে দিচ্ছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. কিরণ ও দিশারী কোন ফসলের জাত?
ক সরিষা খ আখ
গ গম ঘ ধান

২৩. ধান গাছের মাঝডগা সাদা ও ধানের শীষে সাদা চিটা হয় কোন পোকার আক্রমণে?
ক পামরি পোকা খ মাজরা পোকা
গ উরচুঙ্গা ঘ জাব পোকা

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

জহির সাহেব তাঁর ৩৫ শতকের একটি পুকুরে হাঁস ও মাছের সমন্বিত চাষের সিদ্ধান্ত নিলেন।

২৪. জহির সাহেব কয়টি উন্নত জাতের হাঁস পুকুরে পালন করতে পারবেন?
ক ৩৫টি খ ৭০টি
গ ১০৫টি ঘ ১৪০টি

২৫. জহির সাহেবের হাঁস ও মাছের সমন্বিত চাষের ফলে—
i. পুকুরে বাইরে থেকে সার দেওয়ার দরকার হয় না
ii. মাছের জন্য সম্পূরক খাদ্য দেওয়ার প্রয়োজন হয় না
iii. পানিতে অক্সিজেনের সমস্যা হয় না।
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ |
| | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | | |

Teachingbd24.com